

তারিখঃ ১২ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

QF-PRJ-06

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.৮০৬

প্রধান প্রকৌশলী ও
পরিচালক, প্রকৌশল বিভাগ
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
পরমাণু ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ফোন-৮১৮১৮০৯।

বিষয়ঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।

- | | |
|---|---|
| সূত্র (১) আবেদন নং-২২৩৭ (আগারগাঁও), এসই (পিএন্ডডি)- ১৪২৯, তাং- ২০/১২/২০২০ ইং। | (৫) ১৫/০৩/২০২১ তারিখের পে-অর্ডার নং-০০৯২৮১৮ (উত্তরা ব্যাংক লিঃ) টাকা = ২১,০০০/- |
| (২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.১৫, তাং- ০৭/০১/২০২১ খ্রিঃ। | (৬) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.৩৮৩, তাং- ১৮/০৩/২০২১ খ্রিঃ। |
| (৩) স্মারক নং-৩৯.০১.০০০০.২১০.৩২.১০৬.১১/১৪৬, তাং- ২৬/০১/২০২১ খ্রিঃ। | (৭) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.৭৮৫, তাং- ২০/০৯/২০২১ খ্রিঃ। |
| (৪) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.২২১, তাং- ১৭/০২/২০২১ খ্রিঃ। | (৮) ২৬/৯/২০২১ তারিখের পে-অর্ডার নং-০৪৩০৬৬৯ (উত্তরা ব্যাংক লিঃ) টাকা = ১৮,০০০/- |


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'পরমাণু ভবন', ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ স্থাপনার জন্য বিদ্যমান ৪০০ কিঃওঃ লোডের অতিরিক্ত ৬০০ কিঃওঃ বৃদ্ধি করে সর্বমোট (৪০০+৬০০)= ১,০০০ (এক হাজার) কিঃওঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে ডিসেম্বর-২০২১ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্রের মেয়াদ বর্ধিত করা হলোঃ-

শর্তসমূহঃ

- ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (টঙ্গী পূর্ব) বরাবর আবেদন করতে হবে।
- বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলেও কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- RMU স্থাপনের জন্য প্রধান সড়কের পার্শ্বে গ্রাউন্ড ফ্লোরের ১৫'x১২' ক্ষেত্রফলের একটি কক্ষ সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিওবি বিভাগের নিকট বাস্তবে হস্তান্তর এবং উক্ত কক্ষে ডেসকো কর্তৃপক্ষের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে।
- ভূ-গর্ভস্থ ক্যাবল লেইং কাজের জন্য যথাযথ কর্তৃপক্ষ (সিটি কর্পোরেশন/রাজউক/সংশ্লিষ্ট সংস্থা) হতে রাস্তা খননের প্রয়োজনীয় অনুমোদন নিজ ব্যয়ে ও নিজ দায়িত্বে সংগ্রহ করে ডেসকো বরাবর জমা প্রদান করতে হবে।
- গুরুত্বপূর্ণ সরকারী স্থাপনা বিধায় অবকাঠামো নির্মাণের প্রাক্কলিত ব্যয় বাবদ ৪০,০১,৭৩৪/- টাকা ২০২১-২০২২ অর্থ বৎসরে পরিশোধ করার শর্তে ছাড়পত্র প্রদান করা হলো। উল্লেখ্য, আপনারা উক্ত RMU এর একটি পোর্ট ব্যবহার করতে পারবেন।
- উক্ত ছাড়পত্র ডিসেম্বর-২০২১ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



(প্রকৌঃ মোঃ আকবর হোসেন ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ওয়েস্ট জোন-২।
- নিবাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (আগারগাঁও)।
- অফিস কপি।